অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ফেডারেল সরকারের কাছে আবেদন করার পরে এখন ঘূর্ণিঝড় আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া অরেঞ্জ কাউন্টির বাসিন্দাদের জন্য ফেডারেল দুর্যোগকালীন সহায়তা লভ্য হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

সেপ্টেম্বর মাসে ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া অরেঞ্জ কাউন্টির বাসিন্দারা এখন FEMA-এর তরফ থেকে ব্যক্তিগত সহায়তা পাওয়ার জন্য আবেদন করার যোগ্য বিবেচিত হবেন

গভর্নর হোকল কর্তৃক আবেদনের পরে আইডার জন্য বড় ধরনের দুর্যোগের ঘোষণা সংশোধিত হয়েছে, যার ফলশ্রুতিতে অভাবী নিউ ইয়র্কবাসীদের জন্য বাড়তি তহবিল ও সংস্থানের ব্যবস্থা রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে অরেঞ্জ কাউন্টির বাসিন্দারা সেপ্টেম্বর মাসের শুরুর দিকে ঘূর্ণিঝড় আইডার অবশিষ্টাংশের কারণে ঘটা ঐতিহাসিক বন্যা ও ক্ষয়ক্ষতির জন্য ব্যক্তিগত পর্যায়ে দুর্যোগকালীন ত্রাণ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency)-এর কাছে গভর্নর হোকলের করা আবেদনের প্রেক্ষিতে এই অনুমোদন পাওয়া গেছে, যেটি ইতোপূর্বে অরেঞ্জ কাউন্টির জন্য ব্যক্তিগত সহায়তা প্রদানে অস্বীকৃতি জানিয়েছিল। এই কর্মসূচি ফেডারেল পর্যায়ে ঘোষিত কোনো দুর্যোগ, যেমন আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও বাড়ির মালিকদের জন্য FEMA-এর তরফ থেকে সরাসরি আর্থিক ত্রাণ ও সহায়তা পাওয়ার সুযোগ করে দেয়।

"আমি নিউ ইয়র্কবাসীদের জন্য লড়াই করার এবং এই ঐতিহাসিক দুর্যোগ থেকে সেরে উঠা ও পুনর্নির্মাণে তাদেরকে সাহায্য করার জন্য আমার সাধ্যমতো প্রতিটি ডলার সংগ্রহ করার ব্যাপারে আমার অঙ্গীকার পূরণ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "অরেঞ্জ কাউন্টি আইডা দ্বারা বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, এবং এই গুরুত্বপূর্ণ ফেডারেল সহায়তা স্টেটের পুনরুদ্ধার প্রক্রিয়ায় সাহায্য করার ক্ষেত্রে সুদূরপ্রসারী প্রভাব ফেলবে। আমি আমাদের স্থানীয় ও ফেডারেল অংশীদারদেরকে নিউ ইয়র্কের সাথে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার জন্য এবং অভাবী নিউ ইয়র্কবাসীদের কাছে এসব সংস্থান পৌঁছে দিতে সাহায্য করার জন্য আমাদের ক্ষয়ক্ষতি মূল্যায়ন দলকে ধন্যবাদ জানাই।"

FEMA-এর ব্যক্তিগত সহায়তা কর্মসূচি ব্যক্তি ও বাড়ির মালিকদের জন্য সরাসরি সহায়তা প্রদান করে থাকে। নিউ ইয়র্কবাসীরা বিমাবিহীন এবং পর্যাপ্ত বিমাবিহীন দুর্যোগ-জনিত অন্যান্য ব্যয় ও গুরুতর প্রয়োজন, যেমন ব্যক্তিগত সম্পত্তির মেরামত বা প্রতিস্থাপন, স্থানান্তর ও সংরক্ষণের জন্য অনুদান, অথবা মেডিকেল, ডেন্টাল, ও চাইল্ডকেয়ার, ইত্যাদি প্রয়োজন পূরণের জন্য তহবিল পেতে সক্ষম হতে পারেন। বাড়ির মালিক এবং ভাড়াটেদের নিজেদের ক্ষতি নথিভুক্ত করার জন্য যথাসাধ্য চেষ্টা করা উচিত। কাউন্টিতে যারা ব্যক্তিগত সহায়তার জন্য যোগ্য এমন যোগ্য বাড়ির মালিকরা অর্থ পাওয়ার জন্য সরাসরি FEMA-এর সাথে কাজ করবেন। সহায়তার মধ্যে অস্থায়ী আবাসন ইউনিট, আবাসন এবং ড্রাইভওয়ে মেরামত, সংকট পরামর্শ, বেকারত্ব সহায়তা এবং আইনি পরিষেবাগুলোর জন্য তহবিলও অন্তর্ভুক্ত থাকতে পারে।

FEMA ও অরেঞ্জ কাউন্টির সাথে অংশীদার হয়ে স্টেট একটি দুর্যোগ পুনরুদ্ধার কেন্দ্র (Disaster Recovery Center) প্রতিষ্ঠা করবে, যেটি নিউ ইয়র্কবাসীদের পুনরুদ্ধার প্রচেষ্টায় সাহায্য করতে মূল্যবান তথ্য প্রদান করবে এবং লভ্য সহায়তা ও ত্রাণের জন্য আবেদন করার প্রক্রিয়ায় সহায়তা করবে। চালু হওয়ার তারিখ অদূর ভবিষ্যতে ঘোষণা করা হবে।

বড় ধরনের দুর্যোগের ঘোষণার আওতায় ব্যক্তিগত সহায়তা পাওয়ার জন্য অনুমোদনপ্রাপ্ত অন্যান্য কাউন্টিগুলোর মধ্যে ব্রঙ্কস, ডাচেস, কিংস, নাসাউ, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টি অন্তর্ভুক্ত রয়েছে।

ব্রঙ্কস, ডাচেস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, অরেঞ্জ, পাটনাম, কুইন্স, রিচমন্ড, রকল্যান্ড, সাফোক, সালিভান, ও ওয়েস্টচেস্টার কাউন্টি সরকারি সহায়তা পাওয়ারও যোগ্যতা রাখে, যা সরকারি ভবন ও অবকাঠামো, যেমন সড়ক, সেতু, স্কুল, পার্ক, হাসপাতাল, পুলিশ স্টেশন, ফায়ার হাউজ, পানি ও বর্জ্যপানি বিশুদ্ধকরণ ফ্যাসিলিটি এবং সরকারি মালিকানাধীন অন্যান্য ফ্যাসিলিটি মেরামতের জন্য তহবিল প্রদান করে থাকে।

ক্ষতিগ্রস্ত হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য গভর্নর হোকল ইতোপূর্বে একটি অনলাইন রিসোর্স হাব চালুর ঘোষণা দিয়েছেন, যা ny.gov/Ida ওয়েবসাইটে পাওয়া যাবে। হাবে উপলব্ধ সহায়তা কর্মসূচি এবং কোথায় আশ্রয় ও খাবারের মতো পরিষেবাগুলি খুঁজে পাওয়া যাবে সেই সংক্রান্ত তথ্য দেয়। নিউ ইয়র্কবাসীদের জন্য আরও সামগ্রী উপলব্ধ হলে সেই সমস্ত তথ্যগুলো সাইটে আপডেট করা হবে।

গভর্নর হোকলে এবং ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিস ফেডারেল, রাজ্য এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাচ্ছে যাতে নিউ ইয়র্কবাসীদের ঘূর্ণিঝড় ইডার ধ্বংসাত্মক প্রভাব থেকে পুরোপুরি পুনরুদ্ধারের জন্য সামগ্রী এবং সহায়তা নিশ্চিত করা যায়। ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের সবার জন্য ফেডারেল সহায়তার ব্যবস্থা করার পক্ষে স্টেট কথা বলা চালিয়ে যাবে।

স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন, "ব্যক্তিগত সহায়তা প্রদানের ব্যাপারে সিদ্ধান্তটি পুনর্বিবেচনার জন্য এবং অরেঞ্জ

কাউন্টির নিউ ইয়র্কবাসীদের জন্য এটির অনুমোদন দেয়ায় FEMA-কে ধন্যবাদ। এটি আইডা পরবর্তী সময়ে এখনো সংগ্রাম করে যাওয়া লোকজনের জন্য অপরিহার্য তহবিল ও সংস্থানসমূহ প্রদান করবে। এছাড়াও অরেঞ্জ কাউন্টি ও ডিভিশনের মধ্যকার সহযোগিতা এবং তার সমর্থনের জন্য আমি গভর্নর হোকলের প্রতিও কৃতজ্ঞ, যা এই অতি প্রয়োজনীয় দুর্যোগকালীন ত্রাণ পেতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।"

যুক্তরাষ্ট্রের সিনেটর চাক স্কুমার বলেন, "এই অতি গুরুত্বপূর্ণ সহায়তা অরেঞ্জ কাউন্টির পরিবার, ব্যবসা প্রতিষ্ঠান, ও কমিউনিটিগুলোকে পুনরুদ্ধারের পথে এগিয়ে যেতে সাহায্য করবে। আমি গর্বিত যে ব্যক্তিদেরকে তাদের সেরে উঠা এবং আরো শক্তিশালী হয়ে পুনর্নির্মাণে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য এই গুরুত্বপূর্ণ ফেডারেল সহায়তার জন্য আমার আহবানে FEMA সাড়া দিয়েছে। গ্রীষ্মমণ্ডলীয় ঝড় আইডা নিউ ইয়র্কজুড়ে কমিউনিটিগুলোকে বিধ্বস্ত করে দিয়েছে, এবং সড়ক, ব্যবসা প্রতিষ্ঠান, ও কয়েক শতাধিক বাড়ির ক্ষয়ক্ষতির মধ্য দিয়ে অরেঞ্জ কাউন্টি কয়েক মিলিয়ন ডলারের ক্ষতির শিকার হয়েছে। হাডসন ভ্যালির পরিবারগুলো যাতে আইডার প্রভাব কাটিয়ে আগের চেয়ে আরো শক্তিশালী হয়ে গড়ে উঠতে তাদের প্রয়োজনীয় সব সংস্থান পেতে পারে তা নিশ্চিত করতে আমি সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাবো।"

যুক্তরাষ্ট্রের সিনেটর ক্রিস্টেন গিলিব্র্যান্ড বলেন, "ঘূর্ণিঝড় আইডার পরিধি ও ঐতিহাসিক প্রকৃতি বিবেচনায়, আমি অরেঞ্জ কাউন্টির বাসিন্দাদের সবাইকে ব্যক্তিগত সহায়তা কর্মসূচির জন্য আবেদন করতে জোরালোভাবে উৎসাহিত করছি। আইডার কারণে বিপর্যস্ত হওয়া ঘরবাড়ি ও কমিউনিটিগুলোর জন্য এই জরুরি FEMA তহবিলের ব্যবস্থা করতে আমি গভর্নর হোকল এবং আমার সহকর্মীদের সাথে একসঙ্গে কাজ করেছি। এই তহবিল সরাসরি অরেঞ্জ কাউন্টির বাসিন্দাদের হাতে গিয়ে পৌঁছাবে এবং আজকের ও ভবিষ্যতে ঝড় আঘাত হানার দিনগুলোতে আপনার পরিবারকে নিরাপদ রাখতে পার্থক্য তৈরি করে দিতে পারে। যদি আপনার বাড়তি সহায়তার প্রয়োজন হয়, তাহলে সাহায্যের জন্য আমার অফিস লভ্য রয়েছে।"

রিপ্রেজেন্টেটিভ সিয়ান প্যাট্রিক ম্যালোনি বলেন, "কয়েক মাস ধরে সরাসরি FEMA-এর সাথে আলোচনা করা এবং গভর্নর হোকল ও এক্সিকিউটিভ নিউহাউসের সাথে একসঙ্গে কাজ করার পরে, আমি আনন্দের সাথে ঘোষণা করছি যে অরেঞ্জ কাউন্টির বাসিন্দাদের জন্য ব্যক্তিগত সহায়তা পৌঁছাতে যাচ্ছে। অরেঞ্জ কাউন্টির বাসিন্দারা ঘূর্ণিঝড় আইডার কারণে যে ব্যাপক ক্ষয়ক্ষতির শিকার হয়েছেন তা আমি নিজে প্রত্যক্ষ করেছি এবং এই ব্যক্তিগত সহায়তা আমাদের কমিউনিটিগুলোকে তাদের পায়ে উঠে দাঁড়াতে সাহায্য করার ক্ষেত্রে সুদূর প্রসারী ভূমিকা রাখবে।"

সিনেটর জেমস স্কোউফিস বলেন, "অরেঞ্জ কাউন্টিতে আইডা আঘাত হানার পরে, আমি ও আমার নির্বাচনী এলাকার লোকেরা আমার আশেপাশের অঞ্চলের উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি মোকাবেলায় স্টেট ও ফেডারেল কর্মকর্তাদের সাথে একসঙ্গে কাজ করেছি। অবশেষে, আমরা আমাদের অধ্যবসায়ের ফল পেতে যাচ্ছি। আমি আশাবাদী যে আমাদের পরিবারগুলো - বিশেষ করে ওয়াশিংটন ও কর্নওয়েল-এর মতো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া কমিউনিটিগুলোর বাসিন্দারা - এখন ত্রাণ লাভ করার কিছু উপায় খুঁজে পাবেন।"

অরেঞ্জ কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ নিউহাউস বলেন, "এই বিধ্বংসী ঘূর্ণিঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত অরেঞ্জ কাউন্টির বাসিন্দাদের জন্য এই গুরুত্বপূর্ণ সাহায্যের ব্যবস্থা করতে অবিরাম প্রচেষ্টার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন